

সিঙ্গার সেলাই স্কুলে ভর্তি চলছে

গত ১০ জুলাই থেকে দেশব্যাপী ৮২টি সিঙ্গার সেলাই স্কুলে ভর্তি শুরু হয়েছে এবং চলবে ১০ আগস্ট, ২০০২। 'ঘরে বসেই রোজগার' এই স্লোগানকে সামনে রেখে দেশের নারী সমাজকে আত্মনির্ভরশীল করে তোলার সিঙ্গারের যে সামাজিক অঙ্গীকার রয়েছে তারই প্রতিফলন এই শিক্ষা কার্যক্রম।

সিঙ্গার সেলাই শিক্ষা কেন্দ্রের দক্ষ শিক্ষিকাদের হাতে প্রশিক্ষণ নিয়ে যে কেউ পরিবারের সচ্ছলতার ভিত গড়ে তুলতে পারেন। সিঙ্গার অনুমোদিত সেলাই শিক্ষা কেন্দ্র, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র অথবা এক্সক্লুসিভ সেল্‌স এজেন্ট

শপে আজই যোগাযোগ করলে অবসর সময়কে ভরে তুলতে পারবেন সূচি নৈপুণ্যে। সেই সঙ্গে উজ্জীবিত হতে পারবেন আত্মনির্ভরশীলতার মন্ত্রে।

এ ছাড়াও সিঙ্গার সেলাই শিক্ষা কেন্দ্র থেকে প্রশিক্ষণপ্রাপ্ত অভিজ্ঞ সেলাই কর্মীরা সেলাই প্রশিক্ষণ কেন্দ্র খোলার জন্য এগিয়ে আসতে পারেন। আগ্রহীরা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : এডুকেশন অফিসার, সিঙ্গার বাংলাদেশ লিমিটেড, ২৯ মজিদ ম্যানসন, নিউ ইস্কাটন রোড, ঢাকা, ফোন : ৯৩৩৭৭৫৩, ৮৩১৯২১৬।

গ্রামীণ বাইটেকের ফ্রি সার্ভিস

গ্রামীণ বাইটেক লিঃ ১৬ জুলাই ২০০২ 'দেশীয় প্রযুক্তির উৎকর্ষ ও সফলতা উৎসব' শীর্ষক এক বর্ণাঢ্য র্যালি, সাংবাদিক সম্মেলন ও সেবা পক্ষের

আয়োজন করে। এ উপলক্ষে গ্রামীণ বাইটেক লিঃ-এর ডাইরেক্টর ইন-চার্জ ডঃ সিদ্দিক-ই-রব্বানীর নেতৃত্বে আমেরিকায় প্রবাসী বাঙালি প্রযুক্তিবিদদের সংগঠন টেকবাংলার প্রধান সমন্বয়কারী ডঃ শেখ মিজান এবং গ্রামীণ বাইটেকের সব কর্মকর্তা-কর্মচারী কেন্দ্রীয় শহীদ মিনার থেকে র্যালি শুরু করে প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে যোগদান করেন।

দেশীয় প্রযুক্তির মাধ্যমে ঘরে ঘরে ক্ষুদ্র শিল্প গড়ে উঠুক এ লক্ষ্যকে সামনে রেখে নিজস্ব প্রযুক্তির উৎকর্ষ ও বাণিজ্যিকীকরণে গ্রামীণ বাইটেকের সাফল্যের উদাহরণ সম্মেলনে তুলে ধরা হয়। এ উপলক্ষে

গ্রামীণ বাইটেকের গ্যারান্টির মেয়াদ উত্তীর্ণ সব পণ্যের জন্য ৮ আগস্ট ২০০২ পর্যন্ত সেবাপক্ষে ফ্রি সার্ভিস দেয়ার ব্যবস্থা করা হয়েছে।

সম্মানিত ক্রেতাগণ সরাসরি অথবা ডিলারের মাধ্যমে গ্রামীণ বাইটেকের প্রধান কার্যালয় : ২০/২, পশ্চিম পাছপথ, ঢাকা থেকে এ সেবা গ্রহণ করতে পারবেন।

